পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০৪	০৩	০১	-	২	২	সর্বনিম্ন-১.০৮% সর্বোচ্চ-৪০%	১	সর্বনিম্ন-১৪.৩৬% সর্বোচ্চ-(-)১৪.৩৬%

১.০। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০৪ (চার) টি প্রকল্প সমাপ্ত হয়েছে যার মধ্যে একটি প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পায়নি।

২.০। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: বাস্তবায়ন পর্যায়ে কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায়প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

৩.০। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধানসমস্যা ও সুপারিশ :

সমস্যা	সুপারিশ
৩.১) প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে আইসিটি বিষয়ক দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। এছাড়া বাংলাদেশ পরিসংখ্যান ভবনে আইসিটি বিষয়ক বিভিন্ন যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সম্পূর্ণ আইসিটি নির্ভর ও আধুনিক প্রযুক্তি ভিত্তিক হওয়ায় এর কার্যক্রম বিদ্যমান রয়েছে। এই প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যক্রম বজায় রাখার জন্য ও রক্ষণাবেক্ষণ করার কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে প্রতীয়মান হয়েছে।	**৩.১)** প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে আইসিটি বিষয়ক দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। এছাড়া বাংলাদেশ পরিসংখ্যান ভবনে আইসিটি বিষয়ক বিভিন্ন যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সম্পূর্ণ আইসিটি নির্ভর ও আধুনিক প্রযুক্তি ভিত্তিক হওয়ায় এর চলমান কার্যক্রমসমূহের সুফল ধরে রাখা ও সম্পাদিত কার্যক্রমের রক্ষণাবেক্ষণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৩.২) প্রাকৃতিক দুর্যোগ এবংবিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে প্রবেশের ক্ষেত্রে বাঁধার কারণে শুমারির মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব হয়েছে মর্মে প্রতীয়মান হয়;	**৩.২)** প্রাকৃতিক দুর্যোগ এবং অন্য কোন কারনে শুমারির মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব যেন না হয় সেজন্য তথ্য সংগ্রহের পর্যাপ্ত সময় হাতে রেখে ভবিষ্যতে প্রকল্প প্রণয়ন করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৩.৩) প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়।	৩.৩) প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি । ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এবং প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসূ করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে; এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

অর্থনৈতিক শুমারি ২০১৩ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত: জুন, ২০১৮)

১. প্রকল্পের নাম: অর্থনৈতিক শুমারি ২০১৩ (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প ।

২. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

৩. প্রশাসনিক মন্ত্রণালয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ , পরিকল্পনা মন্ত্রণালয়।

৪. প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ।

৫. প্রাক্কলিত ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

	মোট	টাকা	প্রকল্প সাহায্য	ব্যয় হ্রাস/বৃদ্ধির %
৫.১ মূল	১৯,৩৫২.৯০	১৯,৩৫২.৯০	-	-
৫.২ ১ম সংশোধিত অনুমোদিত	১৮,৮৫৯.৫৪	১৮,৮৫৯.৫৪	-	- ২.৫৫%
৫.৩ ২য় সংশোধিত অনুমোদিত	১৭,৮৯৫.৮১	১৭,৮৯৫.৮১	-	- ৫.১১%
৫.৪ প্রকৃত ব্যয়	১৪,৯৯৪.০৮	১৪,৯৯৪.০৮	-	-

৬. বাস্তবায়নকালঃ

	আরম্ভ	সমাপ্তি
৬.১ মূল	জুলাই ২০১১	৩০ জুন ২০১৬
৬.২ ১ম সংশোধিত অনুমোদিত	জুলাই ২০১১	৩০ জুন ২০১৬
৬.৩ ২য় সংশোধিত অনুমোদিত	জুলাই ২০১১	৩০ জুন ২০১৮

৭. প্রকল্প অর্থায়নঃ জিওবি

৮.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৮.১ পটভূমিঃ

দেশের বিভিন্ন আর্থ-সামাজিক ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। শুমারিসমূহের মধ্যে উল্লেখযোগ্য হল আদমশুমারি, কৃষি শুমারি ও অর্থনৈতিক শুমারি ইত্যাদি। অর্থনৈতিক শুমারির মূল লক্ষ্য হল অকৃষিমূলক খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে একটি পরিসংখ্যানভিত্তিক কার্যকর ভিত গড়ে তোলা। সারাদেশে সর্বপ্রথম ১৯৮৬ সালে কৃষি বহির্ভূত অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। বাংলাদেশের দ্বিতীয় অর্থনৈতিক শুমারি ১ম পর্বে ২০০১ সালে শহর এলাকার প্রতিটি প্রতিষ্ঠান ও খানা থেকে এবং ২য় পর্বে ২০০৩ সালে পল্লী এলাকার শুধু প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়। অর্থাৎ উক্ত শুমারিতে পল্লী এলাকার অপ্রাতিষ্ঠানিক অর্থনৈতিক কর্মকান্ড সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়। পর্যবেক্ষণে দেখা গেছে যে, বাংলাদেশ গত কয়েক দশকে Micro লেভেলে বিভিন্ন ধরনের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কর্মকান্ডের সৃষ্টি হয়েছে যা জাতীয় অর্থনীতিতে নিয়মিত অবদান রাখছে। বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনীতির খাতসমূহের গঠন কাঠামো ও আকার -আকৃতির কি ধরনের পরিবর্তন হয়েছে এবং অকৃষিমূলক খাতসমূহ জাতীয় আয় ও কর্মসংস্থান বৃদ্ধিতে কতুটুকু অবদান রাখছে তা নির্ধারণের জন্য দশ বছরের পর্যাবৃত্তি অনুসরণ করে তৃতীয় কৃষি বহির্ভূত অর্থনৈতিক শুমারি অনুষ্ঠান অপরিহার্য মর্মে অনুভূত হয়। এ প্রেক্ষাপটে ২০১৩ সালে তৃতীয় অর্থনৈতিক শুমারি সম্পাদনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ অনুমোদন পর্যায়ঃ

আলোচ্য প্রকল্পটি ১৯,৩৫২.৯০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০১১ হতে জুন, ২০১৬ সময়কালে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক বিগত ২০.০৩.২০১২ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ০২ (দুই) বার সংশোধন করা হয়।

১ম সংশোধনঃ

প্রকল্প অনুমোদনের অনতিকালের মধ্যেই প্রকল্পের প্রতিটি গণনা এলাকায় ১২৫ টি ইউনিটের পরিবর্তে ১৫০ টি ইউনিট নির্ধারণ করায় গণনাকারীর সম্মানী বৃদ্ধি, বিবিএস এর জনবলের ঘাটতির দরুন অন্যান্য দপ্তর থেকে জনবল নিয়োজিত করায় তাদের সম্মানীর সংস্থান, বিবিএস এর নিজস্ব ছাপাখানায় শুমারির প্রশ্নপত্র মুদ্রণের সংস্থান

থাকায় এখাতে ব্যয় হ্রাস এবং সার্বিকভাবে প্রকল্প ব্যয় ৪.৯৩ কোটি টাকা (২.৫৫%) হ্রাস, ইত্যাদি কারণে ১৮,৮৫৯.৫৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণপূর্বক একই বাস্তবায়ন মেয়াদে প্রকল্পটি প্রথমবার সংশোধন করা হয়।

দ্বিতীয় সংশোধনঃ

প্রকল্পটির প্রথম সংশোধিত অনুমোদিত ব্যয়ের মধ্যে বিদ্যমান অংগসমূহের পরিমাণ ও ব্যয় হ্রাস/বৃদ্ধি, পাইলট বিজনেস রেজিস্ট্রার, আইটি সামগ্রি ক্রয়- এ ২ টি নতুন অংগ অন্তর্ভুক্তিকরণ ব্যতিরেকে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নির্দেশক্রমে "প্রবাস আয়ের বিনিয়োগ সম্পর্কিত" জরীপ পরিচালনাসহ ৩ টি নুতন অংগ অন্তর্ভুক্ত করে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৭,৮৯৫.৮১ লক্ষ টাকা এবং প্রকল্প মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধি করে জুন, ২০১৮ পর্যন্ত নির্ধারণ করে প্রকল্পের দ্বিতীয় সংশোধনী আনা হয় যা মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৭.০৩.২০১৬ তারিখে অনুমোদিত হয়। দ্বিতীয় সংশোধনের সময় প্রকল্পের আর্থিক অগ্রগতি ছিল ৬৫.১০%।

৮.৩ প্রকল্পের উদ্দেশ্যঃ

১) বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারি-২০১৩ সালে সম্পাদন করা এবং সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে প্রতিবেদন প্রকাশ করা ;

২) মূল শুমারি (তথ্য সংগ্রহ) সম্পন্ন করার পর সম্ভাব্য কম সময়ের মধ্যে গণনা পরবর্তী যাচাই (Post enumeration check) কার্যক্র সম্পাদন করা ;

৩) বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ড বিষয়ে বিস্তারিত জরিপ সম্পাদনের নিমিত্ত Sampling Frame প্রস্তুত করা ;

৪) Bangladesh Standard Industrial Classification (BSIC-২০০৯) অনুযায়ী অর্থনৈতিক কর্মকান্ডে f সকল প্রতিষ্ঠানের একটি Directory প্রণয়ন করা ;

৫) অর্থনৈতিক কর্মকান্ডের শিল্পগত বিন্যাস, নিয়োজিত জনবলের সংখ্যা ও মালিকানার ধরন নির্ধারণ করা;

৬) জাতীয় আয়ের ভিত্তি বছর পরিবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় বেঞ্চমার্ক তথ্য সরবরাহ করা ;

৭) অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত উপখাতগুলোর কাঠামো নিরূপণ করা ;

৮) অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকান্ডের কাঠামো নির্ধারণ ও সামগ্রিক অর্থনীতিতে এর অবদান নিরূপণ করা ; এবং

৯.০ প্রকল্পের মূল কার্যক্রমঃ

১) শুমারির কাজ সম্পাদনের জন্য শুমারি মালামাল সংগ্রহ ;

২) ১,৫০,০০০ জন গণনাকারী এবং ২৫,০০০ জন সুপারভাইজারসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী নিয়োজিতকরণ ;

৩) প্রাপ্ত তথ্য এডিটিং, কোডিং, তথ্য ধারণ ও প্রক্রিয়াকরণ এবং প্রতিবেদন প্রণয়ন ;

৪) ৬৯ ধরনের ৩২,৬০০ টি প্রতিবেদন প্রকাশ ;

৫) কম্পিউটার, ল্যাপটপ ও ট্যাবলেট পিসি, প্রিন্টারসহ অন্যান্য আইটি সামগ্রী সংগ্রহ ;

৬) পাইলট বিজনেস রেজিষ্ট্রার প্রস্তুতকরণ ;

৭) স্থানীয়/বৈদেশিক প্রশিক্ষণ ; এবং

৮) ওয়ার্কশপ ও সেমিনার।

১০. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৮	৯
রাজস্ব ব্যয়:							-
১	৪৬০০- বেতনাদি	ব্যক্তিমাস	১০৭.৭৬	৪৯	৬২.১৬	১০০	-
২	৪৭০০- ভাতাদি	ব্যক্তিমাস	১১.১৬	৪৯	৬.৮২	১০০	-

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৮	৯
সরবরাহ ও সেবা:							
৩	৪৮০১- ভ্রমণ ব্যয়	ব্যক্তি	১৩৯০.১০	৬৮৯০০	১০৩৪.০৭	১০০	-
৪	৪৮০৫- ওভারটাইম	ব্যক্তিঘণ্টা	১০০.৫৫	১১১৭৫০	৬৭.০৫	১০০	-
৫	৪৮১৫- ডাক	সংখ্যা	৭.০০	৭৫৮০	৩.৭৮	১০০	-
৬	৪৮১৬- টেলিফোন/মোবাইল	সংখ্যা	৪০.৩২	১৫০০	২৪.৪৫	১০০	-
৭	৪৮২২- গ্যাস ও জ্বালানি	লিটার	১১২.৭০	২৪৮২৩৫	৭৪.৪৭	১০০	-
৮	৪৮২৩- পেট্রোল, লুব্রিকেন্ট	লিটার	১২০.৭৫	৭৬৬০০	৬৮.২২	১০০	-
৯	৪৮২৪- বিমা ও ব্যাংক চার্জ	সংখ্যা	৮.০০	১৯০	৩.৮৮	১০০	-
১০	৪৮২৭- মুদ্রণ ব্যয় (প্রশ্নপত্র, ম্যানুয়াল ইত্যাদি)	সংখ্যা/সিট	৩৫৫.৩২	১০০০০০০০	২৭৬.৫৮	১০০	-
১১	৪৮২৮- স্টেশনারি, সিল, স্ট্যাম্প	আইটেম	৩৯০.০৮	৩০০০০০০	২৭৪.০৪	১০০	-
১২	৪৮৩০- চেক মুদ্রণ	আইটেম	২.৮২	১৯৬২৯৫	১.৭১	১০০	-
১৩	৪৮৩১- বইপত্র ও সাময়িকী	আইটেম	৩.০০	৫০০	২.৫২	১০০	-
১৪	৪৮৩২- প্রচার (অডিও ভিডিও)	সংখ্যা	১৪৭.০০	১৫০০	৮৫.৬২	১০০	-
১৫	৪৮৩৩- প্রচার ও বিজ্ঞাপন	আইটেম	২৭৭.৫৯	৪৫০০০	২০২.৬২	১০০	-
১৬	৪৮৪০- বৈদেশিক প্রশিক্ষণ ব্যয়	জন	২৮০.০০	৮৫	১৯০.৫৭	১০০	-
১৭	৪৮৪২- কর্মশালা, সেমিনার	সংখ্যা	৬২০.৬১	৮০০০০	২৫৯.৮২	১০০	-
১৮	৪৮৪৫- আপ্যায়ন	জন	৮৪৩.০১	২০০০০০	৭৩১.৫২	১০০	-
১৯	৪৮৪৬- পরিবহন ব্যয়	সংখ্যা/ জন	১৩৩.৮৫	৮৫০০	১০০.৩৮	১০০	-
২০	৪৮৭৪- পরামর্শক প্রতিষ্ঠান/স্থানীয় পরামর্শক	ব্যক্তিমাস	১৫১.৫০	৫৬	৯৩.৬৬	১০০	-
২১	৪৮৮৩- সম্মানি/পারিতোষিক	জন	৫৯৩৩.৮৩	১০০০০০	৫৭০৫.৯১	১০০	-
২২	৪৮৮৬- সার্ভে	কার্যক্রম	৩৫৩৪.৮৩	৬০	৩২৩৯.৫৩	১০০	
২৩	৪৮৮৭- গণনাকারী ও সুপারভাইজার ম্যাপ কপি	সংখ্যা	০.৭৬	৭০০০০	০.৭৬	১০০	-
২৪	৪৮৮৮- কম্পিউটার সামগ্রী	সংখ্যা	১৭৯.৮০	৩৬০০০	১০৫.২১	১০০	-
২৫	৪৮৯৩- হায়ারিং চার্জ	ব্যক্তিদিন	৫১৪.৯৫	৪০০০০	৪২৪.২১	১০০	-
২৬	৪৮৯৯- অন্যান্য ব্যয়	সংখ্যা	৮৮.৭৩	৭০০০	৭৩.৩৬	১০০	-

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৮	৯
২৭	৪৯০১- যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	১৭৮.০০	৩১	১০১.০২	১০০	-
২৮	৪৯০৬- আসবাবপত্র মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	১৮.০০	৬০০	৯.৫৯	১০০	-
২৯	৪৯১১- কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	৩০.০০	৭০০	২৫.২১	১০০	-
৩০	৪৯১৬- যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	৪৫.০০	৫০০	৩০.১১	১০০	-
মোট রাজস্ব			**১৫৬২৭.০২**		**১৩২৭৮.৮৫**		
খ. মূলধন ব্যয়							
৩১	৬৮০৭- মটরযান	সংখ্যা	১৬১.০০	৪	১৫৭.৬৭	১০০	
৩২	৬৮১৫- কম্পিউটার যন্ত্রাংশ	সংখ্যা	১০৯৯.৯০	১৫০০	৭৩১.৭৯	১০০	-
৩৩	৬৮১৭- কম্পিউটার সফটওয়্যার	সংখ্যা	৯২২.৪৯	২	৭৪৫.৫৯	১০০	-
৩৪	৬৮২১- আসবাবপত্র	সংখ্যা	৮৫.৩০	২৬৯	৮০.১৮	১০০	-
৩৫	৭৯০১- সিডি ভ্যাট	সংখ্যা	০.১০	০	০	-	-
মোট মূলধন			২২৬৮.৭৯		১৭১৫.২৩		-
সর্বমোট (ক + খ)			**১৭,৮৯৫.৮১**	-	**১৪,৯৯৪.০৮**	**১০০**	-

১১। উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৪,৯৯৪.০৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮৩.৮০% শতাংশ এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১২। **প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যঃ**

ক্র নং	অর্থবছর	প্যাকেজ নং	দরপত্র অনুযায়ী প্রকিউরমেন্টের বর্ণনা	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
				প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তবে	
০১	২০১২-১৩	GD-১	পেন্সিল, ইরেজার	১৩৫.০০	১২৪.৯০	১৫/১/২০১৩	১৪/৩/২০১৩	৮/৪/২০১৩	২৯/৫/২০১৩	১ মাস বিলম্ব
০২		GD-২	হোয়াইট প্রিন্ট কাগজ		২৫.২১	৪/০২/২০১৩	১০/২/২০১৩	১০/২/২০১৩	১৬/৪/২০১৩	কর্ণফুলী পেপার মিল হতে সরাসরি ক্রয়
০৩		GD-৩	মুদ্রণ সামগ্রী	১০.৩৯	১০.০৭	৫/২/২০১৩	১৮/৩/২০১৩	২৭/৩/২০১৩	১৮/৪/১৩	১ মাস বিলম্ব
০৪		GD-৪	স্পাইরাল বাইন্ডিং	৮৩.৫০	৬১.২০	৫/২/২০১৩	১৮/৩/২০১৩	৭/৪/২০১৩	৭/৪/২০১৩	সঠিক সময়ে সম্পন্ন

ক্র নং	অর্থবছর	প্যাকেজ নং	দরপত্র অনুযায়ী প্রকিউরমেন্টের বর্ণনা	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
				প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তবে	
০৫		GD-৫	হোয়াইট প্রিন্ট কাগজ		৪৪.৯০	৭/৩/২০১৩	১২/৩/২০১৩	১২/৩/২০১৩	১৬/৩/২০১৩	কর্ণফুলী পেপার মিল হতে সরাসরি ক্রয়
০৬		GD-৬	জীপগাড়ি ক্রয়		১১৬.১০	২৪/৩/২০১৩	২০/৩/২০১৩	২২/৪/২০১৩	২৫/৬/২০১৩	প্রগতি ইন্ডাস্ট্রিজ লি: হতে সরাসরি ক্রয়
০৭		GD-৭	মাইক্রাবাস ক্রয়	৩৫.০০	৩৪.৯০	১৯/৫/২০১৩	১২/৬/২০১৩	২৪/৬/২০১৩	৩০/৬/২০১৩	২ মাস বিলম্ব
০৮	২০১৩-১৪	SD-১	সফটওয়্যার ক্রয়	১৫০.০০	১৩৮.৮৭	৩/৬/২০১৩	২১/১১/২০১৩	৩০/৬/২০১৬	৩১/১২/২০১৬	৬ মাস বিলম্ব
০৯		GD-৮	হোয়াইট প্রিন্ট কাগজ		১৮.৬৫	৬/৪/২০১৪	১৩/৪/২০১৪	২২/৫/২০১৪	২৫/৫/২০১৪	কর্ণফুলী পেপার মিল হতে সরাসরি ক্রয়
১০		GD-৯	ডেস্কটপ, ল্যাপটপ ক্রয়	২০.০০	১৯.৪৭	৮/৪/২০১৪	৫/৬/২০১৪	৩০/৬/২০১৪	১০/৬/২০১৪	সঠিক সময়ে সম্পন্ন
১১		GD-১০	স্ক্যানার, কম্পিউটার, লেজার প্রিন্টার ক্রয়	১৬.৫০	১৪.৯৮	৮/৫/২০১৪	১২/৬/২০১৪	৩০/৬/২০১৪	১৭/৬/২০১৪	সঠিক সময়ে সম্পন্ন
১২	২০১৫-১৬	GD-১১	মুদ্রণ সামগ্রী	১১৫.০০	৮৯.৯০	২/৩/২০১৬	১৩/৪/২০১৬	৩০/৫/২০১৬	২৯/৫/২০১৬	সঠিক সময়ে সম্পন্ন
১৩		GD-১২	ডেস্কটপ কম্পিউটার	৩৫.১০	২৮.৯৮	২৪/৫/২০১৬	১৯/৬/২০১৬	৩০/৬/২০১৬	১৯/৬/২০১৬	সঠিক সময়ে সম্পন্ন
১৪	২০১৬-১৭	SD-২	আইটি সিস্টেম ক্রয়	৬৭২.৪২	৬০১.০৫	১৮/৮/২০১৬	৪/৬/২০১৭	৩০/৬/২০১৮	২৫/৬/২০১৮	সঠিক সময়ে সম্পন্ন
১৫		GD-১৩	ডিভিডি ক্রয়	১৭.৯২	১৪.৫৯	৬/১০/২০১৬	৩০/১০/২০১৬	৩১/১২/১৬	৭/১২/২০১৬	সঠিক সময়ে সম্পন্ন
১৬		GD-১৪	মুদ্রণ সামগ্রী	৪৬.৮০	৩৩.৪৭	১৭/১০/২০১৬	৫/১২/২০১৬	৩১/০১/১৭	২২/২/২০১৭	সময়মতো
১৭		GD-১৫	ক্যারিবয় সংযোজন	৭৭.০০	৬৩.৯৫	২৬/৪/২০১৭	২৪/৫/২০১৭	৩০/৬/২০১৭	৬/৬/২০১৭	সঠিক সময়ে সম্পন্ন
১৮	২০১৭-১৮	GD-১৬	স্ক্যানার, ট্যাবলেট পিসি	৭৯৩.৩৯	৬২১.১৩	২৩/১/২০১৮	২৮/৩/২০১৮	৩০/৬/২০১৮	১০/৬/২০১৮	সঠিক সময়ে সম্পন্ন

১৩. প্রকল্পের অনকূলে বছরভিত্তিক এডিপি বরাদ্দ এবং অগ্রগতিঃ

অর্থবছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্য	টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি

	মোট	টাকা	পিএ	বাস্তব %		মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১১-২০১২	৩৫০.০০	৩৫০.০০	-	৫%	২৬২.৫০	১৯৪.৪২	১৯৪.৪২	-	৫%
২০১২-২০১৩	১১৩৭০.৫০	১১৩৭০.৫০	-	৯৫%	১১৩৭০.৫০	৯৭০৩.৬৩	৯৭০৩.৬৩	-	৯৫%
২০১৩-২০১৪	২১৮০.২০	২১৮০.২০	-	৯০%	২১৮০.২০	২০০৪.৩৭	২০০৪.৩৭	-	৯০%
২০১৪-২০১৫	৪৩০.১০	৪৩০.১০	-	৯৮%	৪৩০.১০	৩৭৪.২২	৩৭৪.২২	-	৯৮%
২০১৫-২০১৬	১১০০.০০	১১০০.০০	-	১০০%	১১০০.০০	৬৩৭.৯৫	৬৩৭.৯৫	-	১০০%
২০১৬-২০১৭	১৪৪৭.০০	১৪৪৭.০০	-	১০০%	১৪৪৭.০০	৫৮৮.৮৬	৫৮৮.৮৬	-	১০০%
২০১৭-২০১৮	১৭৪০.০০	১৭৪০.০০	-	১০০%	১৭৪০.০০	১৪৯০.৬৪	১৪৯০.৬৪	-	১০০%
সর্বমোট	**১৮,৬১৭.৮০**	**১৮,৬১৭.৮০**			**১৮,৫৩০.৩০**	**১৪,৯৯৪.০৯**	**১৪,৯৯৪.০৯**	-	-

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১	জনাব মো. আইনুল কবীর	পরিচালক (উপসচিব)	পূর্ণকালীন	২৭ জুলাই ২০১১ হতে ১৭ এপ্রিল ২০১২ পর্যন্ত
২	জনাব আলাউদ্দিন আল আজাদ	উপপরিচালক	পূর্ণকালীন	১৮ এপ্রিল ২০১২ হতে ০৩ এপ্রিল ২০১৩ পর্যন্ত
৩	জনাব মো. দিলদার হোসেন	উপসচিব	পূর্ণকালীন	০৪ এপ্রিল ২০১৩ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত (৩০ জুন ২০১৮) পর্যন্ত

১৫. প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
• বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারি ২০১৩ সালে সম্পাদন করা এবং সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে প্রতিবেদন প্রকাশ করা	তৃতীয় অর্থনৈতিক শুমারি দুই পর্বে পরিচালনা করা হয় ২০১৩ সালের ৩১ মার্চ থেকে ৩১ মে পর্যন্ত সময়ে ।প্রথম পর্বে ৩৭ টি জেলায় ১৫-২৪ এপ্রিল ২০১৩ এবং দ্বিতীয় পর্বে ২৭ টি জেলায় ১৫-২৪ মে ২০১৩ তারিখে। গত ১৭ নভেম্বর ২০১৩ তারিখে স্বল্পতম সময়ে একটি প্রকাশনা অনুষ্ঠানের মাধ্যমে অর্থনৈতিক শুমারির প্রাথমিক ফলাফল প্রকাশ করা হয়। তাছাড়া গত ৩১ ডিসেম্বর ২০১৫ সালে এ শুমারির চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়। চূড়ান্ত রিপোর্ট প্রকাশের পরপরই জেলা রিপোর্ট প্রণয়নের কার্যক্রম গ্রহন করা হয়। জেলা রিপোর্ট প্রণয়নের জন্য বিবিএস এর একদল দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে ২০ জনের একটি টিম গঠন করা হয় যাদেরকে নির্ধারিত জেলা/জেলাসমূহের রিপোর্ট প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে বিশেষজ্ঞ দ্বারা প্রতিটি জেলা রিপোর্ট রিভিউ করার মাধ্যমে বিভিন্ন কমিটির (এডিটরিয়াল কমিটি এবং রিপোর্ট রিভিউ কমিটি) অনুমোদনক্রমে সকল জেলা রিপোর্ট চূড়ান্ত করা হয়। এ শুমারির আওতায় প্রণয়নকৃত ৬৪টি জেলা রিপোর্টের মধ্যে ৬০টি গত ১৮-২৯ ডিসেম্বর, ২০১৬ এবং বাকী ৪টি ২-৫ জানুয়ারি ২০১৭ খ্রি. প্রতিটি জেলায় প্রকাশনা সেমিনার আয়োজনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

উদ্দেশ্য	অর্জন
	এ শুমারির আওতায় ৩,০০০ কপি ন্যাশনাল এবং ৬৪টি জেলার প্রতিটির ৪০০ কপি হিসাবে (৬৪ ×৪০০)=২৫,৬০০ কপি জেলা রিপোর্ট মুদ্রণ করা হয় যার মধ্যে ২৭০০ কপি ন্যাশনাল রিপোর্ট এবং ২২৪০০ কপি জেলা রিপোর্ট কেন্দ্রীয় থেকে বিভাগ, জেলা ও উপজেলায় অবস্থিত গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠান ইত্যাদিতে বিভিন্ন সময়ে বিতরণ করা হয়। রিপোর্টগুলোর বাকী কপিসমূহ বিক্রয়ের উদ্দেশ্যে বিবিএস এর আরডিপি শাখায় রাখা হয়।
• মূল শুমারি (তথ্য সংগ্রহ) সম্পন্ন করার পর সম্ভাব্য কম সময়ের মধ্যে গণনা পরবর্তী যাচাই (Post Enumeration Check) কার্যক্রম সম্পন্ন করা;	শুমারির গুণগতমান যাচাইয়ের জন্য বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) কর্তৃক গণনা পরবর্তী যাচাই জরিপ (পিইসি) পরিচালনা করা হয়। এ লক্ষ্যে গত ০১ ও ০২ অক্টোবর ২০১৩ বিআইডিএস সদর দপ্তরে মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়। ০৪ ও ০৫ অক্টোবর ২০১৩ মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ০৬ হতে ১০ অক্টোবর ২০১৩ পর্যন্ত মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করা হয়। পরবর্তীতে প্রশ্নপত্র কোডিং ও ডাটা ম্যাচিং করা হয়। অত:পর তথ্য প্রক্রিয়াকরণপূর্বক বিআইডিএস কর্তৃক গত ২৩ এপ্রিল,২০১৫ পিইসি এর চূড়ান্ত রিপোর্টটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।
• Bangladesh Standard Industrial Classification (BSIC ২০০৯) অনুযায়ী অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠানের একটি ডিরেক্টরি (Directory) প্রণয়ন করা;	শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানের উপর বিস্তারিত জরিপ পরিচালনার নিমিত্ত সেম্পলিং ফ্রেম সরবরাহ করার লক্ষ্যে Bangladesh Standard Industrial Clasification (BSIC ২০০৯) অনুযায়ী অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত ডিরেক্টরি প্রণয়ন করা হয় যা বিজনেস ডিরেক্টরি নামে অভিহিত।
• অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত উপখাতগুলোর কাঠামো নিরূপণ করা;	International Standard Industrial Classification (ISIC) অনুযায়ী Bangladesh Standard Industrial Classification (BSIC) করা হয়। Bangladesh Standard Industrial Classification (BSIC) অনুসরণ করে এ শুমারির আওতায় সংগৃহীত প্রতিষ্ঠান/খানাকে কার্যক্রমভিত্তিতে কোডিং করা হয়। ফলে অকৃষিমূলক সামগ্রিক অর্থনীতিকে বিভিন্ন উপখাতে ভাগ করা সম্ভব হয়। এ শুমারির চূড়ান্ত ফলাফল উপখাত অনুযায়ী প্রকাশ করা হয়। তাছাড়া যেহেতু বিজনেস ডিরেক্টরিতে উপখাত অনুযায়ী তথ্য প্রদান করা হয়েছে। যেহেতু ডিরেক্টরি থেকেও উপখাত অনুযায়ী তথ্য পাওয়া যাবে। অর্থাৎ দু'টি উৎস থেকে অর্থনৈতিক উপখাতের কাঠামো পাওয়া সম্ভব।
• "প্রবাস আয়ের বিনিয়োগ সম্পর্কিত জরিপ ২০১৬ " সম্পাদন করা;	প্রবাসীদের প্রেরিত অর্থ খানা (পরিবার) পর্যায়ে কিভাবে ব্যবহৃত হয়; বিশেষ করে কী পরিমাণ অর্থ কী কী খাতে সরাসরি বিনিয়োগ করা হয় তা জানার জন্য এ প্রকল্পের আওতায় "প্রবাস আয়ের বিনিয়োগ সম্পর্কিত জরিপ ২০১৬" অতি অল্প সময়ের মধ্যে সম্পাদন করা হয়। ১-৯ মার্চ ২০১৬ সালে মাঠপর্যায় হতে এ জরিপের তথ্য সংগ্রহ করা হয় ।

উদ্দেশ্য	অর্জন
	সংগৃহীত তথ্য অতি অল্প সময়ে প্রক্রিয়াকরণপূর্বক ১৬ জুন ২০১৬ তারিখ এ জরিপের এর রিপোর্ট আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। উক্ত রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে মাননীয় পরিকল্পনামন্ত্রী প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।
• "পাইলট বিজনেস রেজিস্টার" প্রণয়ন করা;	আন্তর্জাতিকমানের পূর্ণাঙ্গ স্ট্যাস্টিক্যাল বিজনেস রেজিস্টার প্রণয়নের লক্ষ্যে এ প্রকল্পের আওতায় স্ট্যাস্টিক্যাল বিজনেস রেজিস্টারের পাইলটিং করা হয়। স্ট্যাস্টিক্যাল বিজনেস রেজিস্টার প্রণয়নের অন্যতম পূর্বশর্ত হলো একটি স্বতন্ত্র ও অত্যাধুনিক আইটি অবকাঠামো (আইটি সিস্টেমস) তৈরী। ফলে পিএসবিআর প্রণয়নের লক্ষ্যে প্রথমে একটি অত্যাধুনিক আইটি সিস্টেম নির্মাণ করা হয়। পরবর্তীতে ব্যাপক আলোচনা-পর্যালোচনার মাধ্যমে প্রনীত একটি প্রশ্নপত্র দ্বারা মাঠপর্যায় থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে পিএসবিআর প্রণয়ন করা হয়। আইটি সিস্টেমটি যাতে সহজে ব্যবহার করতে পারে সে লক্ষে বিবিএস এর মাঠ পর্যায়ের কার্যালয়গুলো থেকে ৬০০ জন এবং প্রধান কার্যালয় থেকে ১০০ জনসহ মোট ৭০০ (সাতশত) জনকে আইটি সিস্টেম ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশাসনিক উৎস থেকে সিস্টেম টু সিস্টেম লিংক স্থাপনের মাধ্যমে প্রাপ্ত তথ্য পিএসবিআর প্রণয়ন কাজে ব্যবহার করার নিমিত্ত বিবিএস এর সাথে তিনটি প্রতিষ্ঠান যথা: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এবং এসএমই ফাউন্ডেশনের সংগে গত ২৫ এপ্রিল ২০১৮ তারিখ MoU স্বাক্ষর হয় এবং তাদের সিস্টেমে সংরক্ষিত তথ্য এসবিআর সিস্টেমে এনে এ কাজে ব্যবহার করা হয়। পিএসবিআর এর প্রাথমিক আলোচনা ডিসেম্বর ২০১৪ সালে শুরু হলেও মূল কার্যক্রম জুলাই ২০১৭ তারিখ থেকে আরম্ভ করে জুন ২০১৮ তারিখে শেষ হয়। উল্লেখ্য, গত ১২ই জুন ২০১৮ তারিখ স্ট্যাস্টিক্যাল বিজনেস রেজিস্টারের পাইলটিং থেকে প্রাপ্ত অভিজ্ঞতা একটি ওয়ার্কশপের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। ইতোমধ্যে পূর্ণাঙ্গ স্ট্যাটিস্টক্যাল বিজনেস রেজিস্টারের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, পূর্ণাঙ্গ বিজনেস রেজিস্টারের নামকরণ করা হয় বাংলাদেশ স্ট্যাটিস্টক্যাল বিজনেস রেজিস্টার (বিএসবিআর) যা প্রকল্পের স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়।
• বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কার্যালয়গুলো শক্তিশালী করার লক্ষ্যে প্রয়োজনীয় আইটি সরঞ্জাম (ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ট্যাবলেড পিসি, ফটোকপিয়ার, স্ক্যানার ইত্যাদি) সরবরাহ করা।	বিবিএস একটি আইটি নির্ভর প্রতিষ্ঠান যার মূল কার্যক্রম (পরিসংখ্যন বিষয়ক কার্যক্রম) যথাসময়ে সুচারুরুপে সম্পাদনের জন্য আইটি ব্যবহারের কোন বিকল্প নেই। বর্ণিত প্রেক্ষাপটে বিবিএস এর বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়গুলোকে শক্তিশালী করার নিমিত্ত এ প্রকল্পের আওতায় জুন ২০১৮ মাসে ৪৬টি ডেস্কটপ, ৩৯৫টি ল্যাপটপ, ২৮৬টি ট্যাবলেট পিসি, ৩৮৬টি স্ক্যানার, ১২২টি প্রিন্টার ও ৪৫টি ফটোকপি মেশিন মাঠপর্যায়ের কার্যালয়গুলোতে সরবরাহ করা হয়।

১৬. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৭. মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

☐ পরিদর্শন প্রতিবেদন;

☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৮. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৯. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

২০.০ মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

২০.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

২০.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

২১.০ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্যাদিঃ

২১.১ Bangladesh Standard Industrial Classification (BSIC ২০০৯) অনুযায়ী অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠানের একটি ডিরেক্টরি (Directory) প্রণয়নঃ শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানের উপর বিস্তারিত জরিপ পরিচালনার নিমিত্ত সেম্পলিং ফ্রেম সরবরাহ করার লক্ষ্যে Bangladesh Standard Industrial Clasification (BSIC ২০০৯) অনুযায়ী অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত ডিরেক্টরি প্রণয়ন করা হয় যা বিজনেস ডিরেক্টরি নামে অভিহিত।

২১.২ "পাইলট বিজনেস রেজিস্টার" প্রণয়নঃ গত ১২ই জুন ২০১৮ তারিখ স্ট্যাস্টিক্যাল বিজনেস রেজিস্টারের পাইলটিং থেকে প্রাপ্ত অভিজ্ঞতা একটি ওয়ার্কশপের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। ইতোমধ্যে পূর্ণাঙ্গ স্ট্যাটিস্টক্যাল বিজনেস রেজিস্টারের কার্যক্রম গ্রহণ করা হয়েছ। উল্লেখ্য, পূর্ণাঙ্গ বিজনেস রেজিস্টারের নামকরণ করা হয় বাংলাদেশ স্ট্যাটিস্টক্যাল বিজনেস রেজিস্টার (বিএসবিআর) যা প্রকল্পের স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়।

২১.৩ **"**প্রবাস আয়ের বিনিয়োগ সম্পর্কিত জরিপ ২০১৬**"** সম্পাদনঃ "প্রবাস আয়ের বিনিয়োগ সম্পর্কিত জরিপ ২০১৬" অতি অল্প সময়ের মধ্যে সম্পাদন করা হয়। ১-৯ মার্চ ২০১৬ সালে মাঠ পর্যায় হতে এ জরিপের তথ্য সংগ্রহ করা হয় । সংগৃহীত তথ্য অতি অল্প সময়ে প্রক্রিয়াকরণপূর্ব ক ১৬ জুন ২০১৬ তারিখ এ জরিপের এর রিপোর্ট আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। উক্ত রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে মাননীয় পরিকল্পনামন্ত্রী প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

২১.৪ **মূল শুমারিতে নিয়োজিত কৃষিশুমারি কর্মীদের পদক ও সনদ প্রদান :** ভবিষ্যতে এ ধরনের কাজে উৎসা হিত করার লক্ষ্যে মূল শুমারি কাজে নিয়োজিত কৃষিশুমারি কর্মীকে প্রতি জোন/জেলা থেকে ১ জনকে ১৬ এপ্রিল ২০১৪ তারিখ আনুষ্ঠানিকভাবে পদক ও সনদপত্র প্রদান করা হয়। উক্ত পদক ও সনদ প্রদান অনুষ্ঠানে মাননীয় পরিকল্পনামন্ত্রী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃষি শুমারি কর্মীদের পদক পড়িয়ে দেন ও সনদ প্রদান করেন।

২১.৫ **'Handbook of Economic Census'প্রস্তুত ও প্রকাশ :** ভবিষ্যতে অর্থনৈতিক শুমারিতে পথ নির্দেশনা হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে 'Handbook of Economic Census' প্রস্তুত করা হয় যা ১৩ এপ্রিল ২০১৬ তারিখ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তৎকালীন সচিব কানিজ ফাতেমা, *এনডিসি* উপস্থিত ছিলেন।

২১.৬ আইটি সামগ্রী ক্রয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়গুলোকে শক্তিশালী করার নিমিত্ত এ প্রকল্পের আওতায় জুন ২০১৮ মাসে ৪৬টি ডেস্কটপ, ৩৯৫টি ল্যাপটপ, ২৮৬টি ট্যাবলেট পিসি, ৩৮৬টি স্ক্যানার, ১২২টি প্রিন্টার ও ৪৫টি ফটোকপি মেশিন মাঠপর্যায়ের কার্যালয়গুলোতে সরবরাহ করা হয়।

২২.০ প্রকল্প পরিদর্শনঃ

২২.১ গত ২৭.০৮.২০১৯ তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর -৮ এর পরিচালক কর্তৃক আলোচ্য প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী অর্থনৈতিক শুমারী এর সকল প্রতিবেদনের মূদ্রিত বই প্রকাশিত হয়েছে এবং প্রতিবেদনগুলো বিবিএস এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। তৃতীয় অর্থনৈতিক শুমারি পরিচালনা করা হয় ২০১৩ সালের ৩১ মার্চ থেকে ৩১ মে পর্যন্ত সময়ে। গত দশকে অর্থনীতিতে ঘটমান কাঠামোগত পরিবর্তন পরিমাপ করার এবং ব্যাপক অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন পরিকল্পনার এবং নীতি তৈরির পরিসংখ্যানগত তথ্য প্রদান করার জন্য মূলত এ শুমারি পরিচালনা করা হয়। এ শুমারিতে দু'টি পর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রথম পর্বে ৩৭ টি জেলায় ১৫-২৪ এপ্রিল ২০১৩ এবং দ্বিতীয় পর্বে ২৭ টি জেলায় ১৫-২৪ মে ২০১৩ তারিখে। এ শুমারিতে সকল অর্থনৈতিক কর্মকান্ডসম্পন্ন খানা, সকল প্রকারের স্থায়ী এবং অস্থায়ী প্রতিষ্ঠানসমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২২.২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়গুলোকে শক্তিশালী করার নিমিত্ত এ প্রকল্পের আওতায় জুন ২০১৮ মাসে ৪৬টি ডেস্কটপ, ৩৯৫টি ল্যাপটপ, ২৮৬টি ট্যাবলেট পিসি, ৩৮৬টি স্ক্যানার, ১২২টি প্রিন্টার ও ৪৫টি ফটোকপি মেশিন মাঠপর্যায়ের কার্যালয়গুলোতে সরবরাহ করা হয়। প্রকল্পের নথিপত্র যাচাইকালে দেখা যায় যে, যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক মালামাল ক্রয় করা হয়েছে এবং চাহিদা অনুযায়ী বিভাগ/জেলা/উপজেলা অফিসে সঠিকভাবে বিতরণ করা হয়েছে।

২২.৩ প্রকল্পের আওতায় ২টি জীপ গাড়ি, ১টি মাইক্রোবাস ও ১টি মটরসাইকেল ক্রয় করা হয়েছিল। পরিদর্শনকালে জানা যায় ৪টি গাড়ির মধ্যে ১টি জীপ গাড়ি, ১টি মাইক্রোবাস ও ১টি মটরসাইকেল বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে স্থানান্তর করা হয়েছে। অবশিষ্ট ১টি জীপ গাড়ি বিবিএস এর এফএ অ্যান্ড এমআইএস সেক্টরে হস্তান্তর করা হয়েছে।

২২.৪ প্রকল্পের আওতায় বিভিন্ন গ্রেডের বিবিএস/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি এর ৯০ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণের জন্য ২৮০.০০ লক্ষ (দুই কোটি আশি লক্ষ) টাকার সংস্থান ছিল। তন্মধ্যে শুধুমাত্র বিবিএস এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর ৮৫ জন কর্মকর্তাকে বিভিন্ন ব্যাচে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ খাতে ব্যয় হয়েছে ১৯০.৫৭ লক্ষ (এক কোটি নব্বই লক্ষ সাতান্ন হাজার) টাকা। অবশিষ্ট ৮৯.৪৩ লক্ষ (উননব্বই লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা সরকারী কোষাগারে জমা দেওয়া হয়েছে মর্মে জানা গেছে। ডিপিপিতে ৯০ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান থাকলেও আইএমইডি ও পরিকল্পনা কমিশনের ৫ জন কর্মকর্তাদের ছাড়াই ৮৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া আইএমইডি ও পরিকল্পনা কমিশনের ৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ না দিয়ে প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে (পিসিআর) বৈদেশিক প্রশিক্ষণ খাতে বাস্তব অগ্রগতি ১০০% দেখানো হয়েছে, বিষয়টি ডিপিপি ও পিসিআর এর মধ্যে অসংগতি মর্মে পরিলক্ষিত হয়।



তৎকালীন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক পদক ও সনদ প্রদান অনুষ্ঠানে



"স্ট্যাটিস্টিক্যাল বিজনেস রেজিস্টার" বিষয়ক মতবিনিময় কর্মশালায় মাননীয় পরিকল্পনা মন্ত্রি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

২৩.০ প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ

২৩.১ প্রকল্পটি বিভিন্ন কারণে দুইবার সংশোধন করা হয়েছে। ১ম সংশোধনে মেয়াদকাল ঠিক থাকলেও প্রকল্প ব্যয় ১৯,৩৫২.৯০ লক্ষ টাকা থেকে কমিয়ে ১৮,৮৫৯.৫৪ লক্ষ টাকা করা হয়েছে। ২য় সংশোধনীতে মেয়াদকাল ২ বছর বৃদ্ধি করা হয় এবং প্রকল্প ব্যয় কমিয়ে ১৮,৮৫৯.৫৪ লক্ষ টাকা থেকে ১৭,৮৯৫.৮১ লক্ষ টাকা করা হয় এবং প্রকল্পের প্রকৃত ব্যয় হয় ১৪,৯৯৪.০৮ লক্ষ টাকা। প্রকল্প সংশোধনের মাধ্যমে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

২৩.২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়।

২৩.৩ প্রকল্পের আওতায় বিভিন্ন গ্রেডের বিবিএস/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি এর ৯০ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান থাকলেও শুধুমাত্র বিবিএস এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর ৮৫ জন কর্মকর্তাকে বিভিন্ন ব্যাচে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে ডিপিপি যথাযথভাবে অনুসরণ করা হয়নি মর্মে পরিলক্ষিত হয়। এছাড়া এই অঙ্গের কাজ অসম্পূর্ণ রেখেই প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে (পিসিআর) বাস্তব অগ্রগতি শতভাগ দেখানো হয়েছে, যা পিসিআর এ তথ্যগত ত্রুটি মর্মে প্রতীয়মান হয়;

২৩.৪ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এই প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যক্রম বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২৩.৫ প্রথমবারের মতো অর্থনৈতিক শুমারি ২০১৩ এর ডাটা এন্ট্রি কার্য ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র (ইউআইএসসি) যা বর্তমানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (ইউডিসি) মাধ্যমে সম্পাদন করা হয়েছে। কিন্তু , ডাটা এন্ট্রির সময় দক্ষ উদ্যোক্তার অভাবে এ কাজ যথাযথভাবে সম্পন্ন করতে অনেক বেগ পেতে হয়েছে মর্মে প্রকল্প মারফত জানা গেছে;

২৩.৬ আলোচ্য প্রকল্পটির ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের অডিট কাযক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া ২০১৬-২০১৭ এবং ২০১৭-১৮ অর্থ বছরের অডিট এখনও সম্পন্ন হয়নি মর্মে জানা গেছে।

২৩.৭ প্রাকৃতিক দুর্যোগ এবংবিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে প্রবেশের ক্ষেত্রে বাঁধার কারণে শুমারির মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

২৪.০ সুপারিশঃ

২৪.১ প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন কারণ দেখিয়ে দুইবার সংশোধন করা হয়েছে । বার বার প্রকল্প সংশোধনের ফলে বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয় ঘটে (যেমনঃ কর্মকর্তা/কর্মচারীদের বেতন, বোনাস, পরিবহন খরচ) ও মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে । তাই প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয়। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

২৪.২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এবং প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসূ করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে; এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৪.৩ প্রকল্পের বৈদেশিক প্রশিক্ষণ অঙ্গে আইএমইডি ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তাদের ছাড়াই শুধুমাত্র বিবিএস/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাদের বিভিন্ন ব্যাচে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া এই অঙ্গের কাজ অসম্পূর্ণ রেখেই প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে (পিসিআর) বাস্তব অগ্রগতি শতভাগ দেখানো হয়েছে। প্রকল্প বাস্তবায়নে ডিপিপি যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়; ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

২৪.৪ ভবিষ্যতে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) নির্ভুল তথ্য সম্বলিত ও সরকারী ছক অনুযায়ী সঠিকবাবে প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ করতে হবে; এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৪.৫ প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক; কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত দেশ-বিদেশের প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে রাজস্ব বাজেটের আওতায় প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

২৪.৬ প্রকল্প বাস্তবায়নকালে যে সকল অর্থ বছরের অডিট এখনও সম্পাদন করা হয়নি সে সকল অর্থবছরের অডিট দ্রুত সম্পাদন করার জন্য প্রকল্প পরিচালকের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অডিট প্রতিবেদনের কপি আইএমইডিতে প্রেরণ করতে হবে;

২৪.৭ প্রাকৃতিক দুর্যোগ এবং অন্য কোন কারনে শুমারির মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব যেন না হয় সেজন্য তথ্য সংগ্রহের পর্যাপ্ত সময় হাতে রেখে ভবিষ্যতে প্রকল্প প্রণয়ন করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৪.৮ শিল্প শুমারির তথ্য সংগ্রহকালে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে তথ্য সংগ্রহ শুরুর কমপক্ষে দুই সপ্তাহ পূর্বে শিল্প প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে অবহিত করা ও বিভিন্ন ভাবে তথ্য সংগ্রহের প্রচারনা চালানোর ব্যবস্থা গ্রহন করতে হবে; ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের সময় এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২৪.৯ বর্তমান বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ যেখানে দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি হচ্ছে। এ প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক হচ্ছে ব্যাপক শিল্পায়ন ও সেবাখাতের দ্রুত প্রসার। অর্থনীতিতে প্রতিনিয়ত তথ্য জানার জন্য অতিদ্রুত আন্তর্জাতিক মানসম্পন্ন স্ট্যাটিস্টিক্যাল বিজনেস রেজিস্টার (এসবিআর) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

২৪.১০ অনুচ্ছেদ ২৪.১-২৪.৯ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আইএমইডিকে যথাশীঘ্র অবহিত করতে হবে।

"ইম্প্রভিং অব লেবার স্ট্যাটিসটিক্স অ্যান্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম থ্রু প্যানেল সার্ভে (LMIS Project) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন, ২০১৮)

ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

১. প্রকল্পের নাম	:	"ইম্প্রভিং অব লেবার স্ট্যাটিসটিক্স অ্যান্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম থ্রু প্যানেল সার্ভে (LMIS Project) (১ম সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্প।
২. প্রকল্পের ধরন	:	কারিগরি সহায়তা
৩.১ অর্থায়নের উৎস	:	জিওবি এবং প্রকল্প সাহায্য
৩.২ উন্নয়ন সহযোগী	:	বিশ্বব্যাংক
৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪.২ বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৫। প্রকল্প এলাকা	:	সমগ্র বাংলাদেশ

৬। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	**ঃ**	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**ব্যয় হ্রাস / বৃদ্ধির %)**
৬.১ মূল	ঃ	১১০০.০০	১০৪২.০০	৫৮.০০	--
৬.২ সংশোধিত (১ম)		১১০০.০০	১০৪২.০০	৫৮.০০	-
৬.৩ প্রকৃত ব্যয়	ঃ	১০৯০.০০	১০৩২.০০	৫৮.০০	-

৭। বাস্তবায়নকাল	**ঃ**	**আরম্ভ**	**সমাপ্তি**
৭.১ মূল অনুমোদিত	ঃ	০১-০১- ২০১৫	৩০-০৬-২০১৭
৭.২ সর্বশেষ সংশোধিত		০১-০১- ২০১৫	৩০-০৬-২০১৮
৭.৩ প্রকৃত		০১-০১- ২০১৫	৩০-০৬-২০১৮

০৮. **প্রকল্প অর্থায়নঃ** জিওবি

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

৯. ১ প্রকল্পের উদ্দেশ্য:

- ত্রৈমাসিক ভিত্তিতে Panel Survey এর মাধ্যমে জেন্ডারভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত।
- QLFS এর মাধ্যমে শ্রমবাজারের seasonal variation সংক্রান্ত Statistics প্রণয়ণ।
- QLFS এর মাইক্রো ডাটার উপর ভিত্তি করে শ্রমবাজারের গতিপ্রকৃতি , কারণ, ফলাফল ইত্যাদি গভীরভাবে বিশ্লেষণপূর্বক analytical report তৈরি করা।
- শ্রমবাজারের Indicator ও পরিসংখ্যানসমূহের জন্য একটি স্বতন্ত্র web portal তৈরির মাধ্যমে ত্রৈমাসিক জরিপসহ বিভিন্ন Secondary উৎস হতে প্রাপ্ত তথ্যসমূহ একটি platform এর মাধ্যমে সকল user/stakeholder দের কাছে পৌছানো।
- ত্রৈমাসিক ভিত্তিতে Labour Force survey (QLFS) পরিচালনার মাধ্যমে আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য শ্রম বাজার সম্পর্কিত জেন্ডারভিত্তিক নির্দেশক/পরিসংখ্যান প্রস্তুত করা।

৯.২ পটভূমি :

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত জরীপগুলোর মধ্যে শ্রমশক্তি এবং শ্রম বাজার একটি গুরুত্বপূর্ণ জরীপ। এ জরীপের মাধ্যমে শ্রমশক্তি এবং শ্রমবাজারের সাথে কর্মসংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ চিহ্নিত করা সম্ভব হয়। বিবিএস সাধারণত ৪-৫ বছর পরপর শ্রমশক্তি জরীপ পরিচালনা করে থাকে।

বাংলাদেশের শ্রমবাজার অন্যান্য দেশের মতই সর্বত্র গতিশীল যার ফলে শ্রমবাজারের হালনাগাদ তথ্য পাওয়া দুষ্কর। আলোচ্য প্রকল্পের মাধ্যমে জরিপটি ত্রৈমাসিক ভিত্তিতে পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে যার ফলে শ্রমবাজারের হালনাগাদ তথ্য সরবরাহ করা সম্ভব হবে। এছাড়া জাতীয় পরিসংখ্যান

উন্নয়ন কৌশলপত্রে (NSDS) - এ Quarterly Labour Force Survey - কে অগ্রাধিকার ভিত্তিতে Strategic Goal হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে প্রকল্পটি বাস্তবায়িত হলে NSDS বাস্তবায়নও ত্বরান্বিত হবে।

ইতোপূর্বে পরিচালিত সমজাতীয় জরীপসমূহে শ্রমবাজারের Seasonal variation সংক্রান্ত তথ্য পাওয়া যায় না। আলোচ্য প্রকল্পের শ্রমবাজারের Seasonal variation সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন সম্ভব হবে।

৯.৩ **প্রকল্পটির মূল কার্যক্রম ঃ**

১) ত্রৈমাসিক ভিত্তিতে Panel Survey পরিচালনার মাধ্যমে শ্রমবাজার সম্পর্কিত আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য জেন্ডারভিত্তিক নির্দেশক ও পরিসংখ্যান প্রণয়ন করা ;

২) শ্রমবাজারের Indicator ও পরিসংখ্যানসমূহের জন্য Web Portal তৈরীর মাধ্যমে একটি Labour Market Information System ডেভেলপ করা যার মাধ্যমে ত্রৈমাসিক জরিপসহ বিভিন্ন Secondary উৎস হতে প্রাপ্ত demand ও Supply Side তথ্য সমূহ একটি Platform-এর মাধ্যমে সকল user/stakeholder-দের কাছে পৌঁছানো সম্ভব হবে। জরীপের মাধ্যমে সংগৃহীত তথ্যের উপর ভিত্তি করে শ্রমবাজারের গতিপ্রকৃতি, কারণ, ফলাফল ইত্যাদি গভীরভাবে বিশ্লেষণপূর্বক Analytical প্রতিবেদন প্রস্তুত করা ;

৩) ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপের মাধ্যমে আহরিত উপাত্তসমূহের উপর ভিত্তি করে তথ্য ভান্ডার প্রস্তুত করা যার দ্বারা সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ অন্যান্য স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

১০.০ প্রকল্প অনুমোদনঃ আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ১১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি' ২০১৫ –জুন' ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৫.০৩.২০১৫ তারিখে অনুমোদিত হয়েছে। পরবর্তীতে প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক আন্ত:খাত সমন্বয়পূর্বক প্রকল্পটি সংশোধন করা হয় এবং সংশোধন প্রস্তাব ২৪.০৮.২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী অনুমোদন করেন।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

১১. অঙ্গভিত্তিক অগ্রগতি:

(লক্ষ টাকা)

ক্র: নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	
			বাস্তব (পরিমান/সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১.	সার্ভে/স্ট্যাডি	জন	-	৭১.২০	-	৭১.২০
২.	টিএ/ডিএ	জন	-	২১৪.৩০	-	২১৪.৩০
৩.	প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন	থোক	-	৪৪.৪০	-	৪৪.১৮
৪.	কনসালটেন্ট	থোক	-	৫৮.০০	-	৫৮.০০
৫.	ট্রেনিং অ্যান্ড স্ট্যাডি ভিজিট	থোক	-	৯৮.৪০	-	৯৫.৯১
৬.	ওয়ার্কশপ	জন	-	১৯.২০	-	১৬.৯২
৭.	সম্মানী/ফি/রিমুন্যারেশন	জন	-	১৯.৪০	-	১৬.১৬
৮.	অফিস স্টেশনারীজ	জন	-	১৩.৯০	-	১৩.৯০
৯.	ফ্যাক্স, পোস্টেজ, ল্যান্ড ফোন, সেল ফোন ইত্যাদি	থোক	-	১.৮০	-	১.৬০
১০.	ফুয়েল কস্ট	থোক	-	৯.০০	-	৮.৭৫
১১.	যানবাহন রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং	থোক	-	২.১০	-	২.১০
১২.	কম্পিউটার রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং	থোক	-	৫.২০	-	৫.২০

ক্র: নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	
			বাস্তব (পরিমান/সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১৩.	অতিরিক্ত কাজের ভাতা	জন	-	৪.৬০	-	৪.৬০
১৪.	পাবলিসিটি এবং বিজ্ঞাপন	থোক	-	১৬.৩০	-	১৬.১৮
১৫.	বই, জার্নাল প্রিয়ডিক্যালস ইত্যাদি	থোক	-	৩.৮০	-	৩.৭৮
১৬.	হায়ারিং	থোক	-	৮.৭০	-	৮.৭০
১৭.	লেবার ওয়েজ	জন	-	৪১৩.৮০	-	৪১৩.০০
১৮.	সম্মানী ভাতা	জন	-	৩.৪০	-	৩.৩৯
১৯.	অন্যান্য ট্যাক্স, ভ্যাট অ্যান্ড ইনস্যুরেন্স	থোক	-	০.০০	-	০.০২
২০.	ক্যারিং কস্ট	থোক	-	৮.৯০	-	৮.৫৯
২১.	অন্যান্য ব্যয়	থোক	-	২১.৩০	-	২১.২৯
২২.	মাইক্রো কম্পিউটার এন্ড সার্ভিস		-	১২.০০	-	১২.০০
২৩.	সফটওয়্যার	সেট	-	৪.৮০	-	৪.৭৯
২৪.	অফিস যন্ত্রপাতি	টি	-	৫.০০	-	৪.৯৬
২৫.	আসবাবপত্র	টি	-	২.০০	-	১.৯৯
